

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.০৭.০৪২.২০১৫-৩৪৯


তারিখ : ০৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন 'লক্ষ্মীপুর ভিক্টোরি কলেজ (প্রস্তাবিত)' প্রতিষ্ঠার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর সুপারিশের প্রেক্ষিতে লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন "লক্ষ্মীপুর ভিক্টোরি কলেজ (প্রস্তাবিত)" প্রতিষ্ঠার জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- কলেজ প্রতিষ্ঠার অনুমতি প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে প্রয়োজনীয় পরিমাণ জমি ক্রয় এবং এক বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে;
- কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় ঐ অনুমোদন বাতিল করতে পারবে;
- বেসরকারি কলেজ প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।


(নাছিমা খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। প্রতিষ্ঠাতা, "লক্ষ্মীপুর ভিক্টোরি কলেজ (প্রস্তাবিত)", সদর, লক্ষ্মীপুর।
- ৭। গার্ড ফাইল।